হালিশহরে উত্তর আঞ্চলিক কমিটি

২৯ অক্টোবর হালিশহর উত্তর আঞ্চলিক কমিটি যুব ফেডারেশনের সম্পাদক নির্বাচিত হলেন সঞ্জয় ভৌমিক এবং সভাপতি হলেন গৌতম মজুমদার। উল্লেখ্য বিদায়ী কমিটির সম্পাদক ছিলেন অমিতাভ সোম। জানা গেছে, এই সম্মেলনে ২০৫ জন প্রতিনিধিত্ব করেন। সম্মেলনটি অনুষ্ঠিত হয় হালিশহর লোক সংস্কৃতি ভবনে ২৩ জনের কমিটি গঠন করা হয়েছে। ২২ জন মনোনয়ন পেয়েছেন, পরে একজন যুবতীকে অন্তর্ভুক্ত করা হবে।

'নাক' মূল্যায়নে হরিণঘাটা মহাবিদ্যালয়

কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত হরিণঘাটা মহাবিদ্যালয় 'জাতীয় মূল্যায়ন পর্ষদ-এর (এনএএসি) মূল্যায়ন 'বি' গ্রেড অর্জন করল। তিনজনের গঠিত মূল্যায়ন পর্ষদের সভাপতি ছিলেন অরুণাচল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক এসি ভগবতী এবং সদস্য ছিলেন অধ্যাপক জে কে মহাপাত্র এবং এ কে সরলা। সংযোগকারী হিসেবে ছিলেন 'নাক' -এর ডেপুটি অ্যাডভাইসার ড. এম এস শ্যামসুন্দর। জানা যায়, ২৯, ৩০ আগস্ট ২০০৬ এই মূল্যায়ন পর্ব সম্পন্ন হয়। মূল্যায়ন পর্ষদের সদস্যবৃন্দ মহাবিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, লাইব্রেরি, কম্পিউটার কেন্দ্র, পঠন পাঠন, শিক্ষণ-পরিকল্পনা সমাজসেবামূলক প্রকল্প প্রভৃতি বিষয় পরিদর্শন করেন। মহাবিদ্যালয়ের বেশ কিছু ছাত্রীর স্নাতকশ্রেণির পরীক্ষায় বিশেষ স্থান অর্জনের বিষয়টিকে তাঁরা মূল্যায়ন রিপোর্টে বিশেষভাবে গুরুত্ব প্রদান করেন। এছাড়া ছাত্রীদের জন্য টেলারিং অ্যাণ্ড বাটিক ট্রেনিং এবং ছাত্রদের জন্য সিভিল কনস্ট্রাকশান ট্রেনিং ব্যবস্থাকে উৎসাহিত করেন।

যুব কংগ্রেসের ইন্দিরা জয়ন্তী

১৯ নভেম্বর ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্ম উপলক্ষে ব্যান্ডবাদন সহ একটি শোভযাত্রার আয়োজন করে যুব কংগ্রেস। ইন্দিরা গান্ধির দেশপ্রেম, জাতীয়তাবাদ এবং আত্মত্যাগের কথা তুলে ধরতেই এই পদযাত্রার আয়োজন বলে জানা গেছে। আরও জানা গেছে, স্থানীয় কংগ্রেস বর্তমান অগোছালো অবস্থা থেকে উত্তরনের জন্যই এই পদযাত্রাকে সংহতি হিসেবে বেছে

Mobile : 9903115477
Running with Broad Band 512 Kbps
Some Cyber Cafe
Printing (Laser & Colour) Scanning, Internet, E-mail, Fax
55, K. G. R. PATH, KANCHRAPARA, 24 PGS (N),
7 a.m. to 10 p.m.

লালুর লোভে ধুঁকছে রেলের ক্যারেজ শপ

মুখোমুখিঃ কোটি কোটি টাকা লাভ করতে গিয়ে লালু প্রসাদ রেলযাত্রীদের জীবন নিয়ে খেলা করছে, ধুকছে কাঁচরাপাড়া রেলের ক্যারেজ শপ। কয়েক বছর যাবৎ রেলের দূরপাল্লার যাত্রী গাড়ি কোচ মেরামতিতে সর্বকালীন রেকর্ড করেছে এই ক্যারেজ শপ। প্রতি মাসে এই শপে ৪৬-৪৮ টি কোচ মেরামতি করা হতো। কিন্তু গত ২ মাস যাবৎ মেরামতির জন্য যাত্রী গাড়ির আসা হঠাৎ কমে ৩৬ টিতে দাঁড়ায়। শুধু এখানেই শেষ নয়, রেল প্রশাসন নির্দেশ দেয় ১৮ টি কোচ প্রথমে কারখানায় ঢুকবে। মেরামতির পর সেগুলি ফিরে গেলে পরবর্তীতে ১৮ টি কোচ ঢোকানো হবে। ফলে সারা মাস ক্যারেজ শপ খাঁ খাঁ করছে। অনুসন্ধানে জানা যায়, লালু প্রসাদের রেল অধিক যাত্রী পারাপার করে মোটা টাকা লাভ করার জন্য দূরপাল্লার প্রতিটি রেলগাড়ির সাথে অতিরিক্ত কামরা জুড়ে দিচ্ছে। ফলে কোচের অভাব দেখা দিচ্ছে। তার যোগান দিতে নতুন কোচ কিনে মেটানোর রাস্তায় না গিয়ে বাৎসরিক মেরামতি বন্ধ করে রেল প্রশাসন এই ব্যবস্থা বজায় রেখেছে। ফলে যে কোন সময় বড় রকমের রেল দুর্ঘটনা ঘটতে পারে। আর মেরামতির জন্য কোচ কাঁচরাপাড়ায় না আসায় কাজের অভাবে রেল কারখানা ধুকছে শ্রমিকরা অনিশ্চিত ভবিষ্যতের আশঙ্কায় দিন গুনছেন।

কাঁচরাপাড়া রেলে আরও ৮৫০ পদের দাবী

কাঁচরাপাড়া রেল কারখানায় ৬০০ লোক নেওয়া হবে বলে বিজ্ঞপ্তি জারী হয়েছিল। এরপরও আর ৮৫০ জনকে নিয়োগের জন্য রেল বোর্ডের কাছে আবেদন জানিয়েছে, কাঁচরাপাড়া রেল ওয়ার্কশপের সিডব্লুএম। কাঁচরাপাড়া লোকোমোটিভ ওয়ার্ক ২০০৬-০৭ -এ ৭২ ছিল, ২০০৭-০৮ বেড়ে ৯২ হচ্ছে।

টাকা দিয়ে মিলিটারিতে চাকরিঃ ধরা পড়লেন নেতা

মুখোমুখিঃ রেলে চাকরি দেওয়ার নাম করে ইতিমধ্যে লক্ষ লক্ষ টাকা কামাই করেছে এক চক্র। এখন প্রতিরক্ষা বাহিনী অর্থাৎ মিলিটারিতে চাকরি দেওয়ার নাম করে বেকার যুবকদের কাছ থেকে আগাম টাকা নেওয়ার অভিযোগ উঠল এক তৃণমূল নেতার নামে। তিনি হলেন কাঁপা পঞ্চায়েত এলাকার রবি নিয়োগী। বাজার কমিটিতে যুক্ত থাকার সুযোগ নিয়ে রবিবাবু মিলিটারি অফিসারদের সঙ্গে ঘনিষ্ঠতা স্থাপন করে চাকরি দেওয়ার এই ফাঁদ পেতেছিলেন। বহু যুবক পুলিশে অভিযোগ করেও কিছু ফল পাননি। শেষ পর্যন্ত বারাকপুর কোর্টে আবেদনের ভিত্তিতে ওয়ারেন্ট বের হয়। পুলিশ তাকে গ্রেপ্তার করতে বাধ্য হয় ২৪ নভেম্বর।

কল্যাণী লেনিন এলেন

মুখোমুখিঃ ২০ নভেম্বর কল্যাণী রেল স্টেশন সংলগ্ন একটি মোড়ে লেনিনের ভাষণরত প্রতিমূর্তির উদ্বোধন করলেন বামফ্রন্ট চেয়ারম্যান এবং সিপিএম রাজ্য সম্পাদক বিমান বসু। মূর্তিটি নির্মাণ করেছেন কৃষ্ণনগরের শিল্পী মৃগাঙ্ক পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ অলকেশ দাস, বিধায়ক মলয় সামন্ত, রাজনৈতিক নেতা মুদুল দে, সুমিত দে, পার্থ ভট্টাচার্য। অনুষ্ঠানের সভাপতি পৌরপ্রধান শান্তনু ঝা বিমান বসুর হাতে ২৫ হাজার টাকার চেক তুলে

বিজ্ঞান দরবার ঃ বিজ্ঞপ্তি

গত ২৬-১১-২০০৬ তাং বর্দ্ধিত কার্যকরী সভার সিদ্ধান্ত অনুযায়ী এই মর্মে জানানো হইতেছে যে ৩১ শে ডিসেম্বর -এর মধ্যে যে সকল পূর্বতন সদস্য-সদস্যারা গত দশ বছরের বকেয়া সদস্য চাঁদা পরিশোধ করিবেন তাহারাই সংগঠনের সদস্য হিসেবে বিবেচিত হইবেন।

সাধারণ সম্পাদক, বিজ্ঞান দরবার / কাঁচরাপাড়া

বিশ্বাস ও দায়বদ্ধতার অপর নাম
আগরওয়ালা স্টোর্স
কে জি আর পথ, কাঁচরাপাড়া, ফোনঃ ২৫৮৫-৮৫৮২

দাস ট্যুর একবার মানেই বারবার—
দাস ট্যুর এন্ড ট্রাভেলস
ডিসেম্বরে চলুন রাজস্থান ১৫ দিন
এস. কেদার, মুকুলকলোনী, লক্ষ্মী সিনেমা কাঁচরাপাড়া, ফোনঃ 03339012258*2585-8883

হীরেন মুখার্জীর জন্মশতবর্ষ

/১ পাতার পর

এ দিনের আলোচনা সভায় প্রাক্তন প্রধান শিক্ষক সব্যসাচী চৌধুরি হীরেন মুখোপাধ্যায়ের কাঁচরাপাড়ায় উপস্থিতি এবং তার কর্মময় জীবনের সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। শিক্ষক-সাংবাদিক গৌরীপদ গঙ্গোপাধ্যায় তার হালিশহরের পৈতৃক ভিটে এবং তার পান্ডিত্য সম্পর্কে বলতে গিয়ে বলেন একই সঙ্গে এমন অনেস্টি এবং ট্যালেন্টের সমন্বয় দুর্লভ। ড. বাঁধন সেনগুপ্ত হীরেন মুখোপাধ্যায়ের সঙ্গে তার সান্নিধ্যের বিশদ পরিচয় দিয়ে হীরেন মুখোপাধ্যায়ের ব্যক্তি মানসের দিকটি তুলে ধরেন। রাজনৈতিক ভাবে হীরেন মুখোপাধ্যায়কে কিভাবে অপদস্থ করা হয়েছে সে প্রসঙ্গও তিনি তুলে ধরেন। তার পান্ডিত্যের ঐশ্বর্যে সাহিত্য-ইতিহাস বিভিন্ন দিকে তিনি কিভাবে ছড়িয়ে গিয়েছিলেন তার বিস্তৃত বিবরণ দেন। তুলে ধরেন তার প্রখর স্মৃতিশক্তির উদ্ভাস। এদিন পরিষদের পক্ষ থেকে হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়কে শ্রদ্ধা জানিয়ে একটি প্রচার পুস্তিকার বিমোচন করেন ড. তরুণ কুমার দে এবং সেটি পাঠ করে শোনান তমাল সাহা। এদিনের অনুষ্ঠানে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন দেবশ্রী অধিকারী। হীরেন মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে পরিষদের পক্ষে মাল্যদান করেন সম্পাদক মণি ভট্টাচার্য, অনুষ্ঠানের সভাপতি অসীম ভট্টাচার্য, বিজপুর মুখোমুখির পক্ষে শমিত কর্মকার, সিপিআই -এর পক্ষে অসিত দত্ত এবং পরিবারের পক্ষে জয়শ্রী অধিকারী। এদিন সম্প্রীতির যাত্রাগান গেয়ে শোনা প্রখ্যাত যাত্রানট শেখ মধু। উল্লেখ্য পরিষদ সভাপতি অধ্যাপক-কবি বীরেন্দ্রনাথ রক্ষিত গুরুতর অসুস্থতার কারণে অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি।

মদ-অনলাইন নিয়ে অভিযোগ

/১ পাতার পর

১২-১৩ নভেম্বর সম্মেলনটি অনুষ্ঠিত হয়। নতুন কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন ঝন্টু ভৌমিক। সম্পাদক পদে পুনরায় মনোনীত হয়েছেন সঞ্জীব রায়। তফিস সম্পাদক রূপঙ্কর বোস, কোষাধ্যক্ষ নিতাই ঘোষ। সম্মেলনের প্রকাশ্য সমাবেশে ঈদগাহ ময়দানে উত্তর লোকাল কমিটির সম্পাদক বৃন্দাবন দাস আন্তর্জাতিক পরিস্থিতির প্রেক্ষাপট অবতারণা করে সাদ্দাম হোসেনের ফাঁসি, বিশ্বায়ন, আমেরিকান সাম্রাজ্যবাদকে তুলোধোনা করেন তিনি। বিগত লোকসভা নির্বাচনে তৃণমূল মস্তান বাহিনীর আক্রমণ কিভাবে বামপন্থী যুবশক্তি প্রতিহত করেছিলেন তার

বিজ্ঞান দরবার আলোচনা

মুখোমুখি ঃ ১৭ ডিসেম্বর সতীশ নন্দী প্রাথমিক বিদ্যালয়ে বিজ্ঞান দরবারের পক্ষ থেকে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনার বিষয় ছিল পরমাণু প্রযুক্তি ও সমাজ। এ বিষয়ে বিশেষ ভাবে আলোচনা করেন বিজ্ঞানকর্মী ও ইঞ্জিনিয়ার অরূপ ঘোষ। আলোচনার সূচনা করেন বিজ্ঞান দরবারে সভাপতি প্রতুল কুমার দাস। অনুষ্ঠানে হালিশর, নৈহাটি ও চুঁচুড়ার বিভিন্ন বিজ্ঞান সংস্থার কর্মীরা উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সংস্থার সম্পাদক দীপক মজুমদার।

প্রশংসিত চয়ন-সন্দীপ

মুখোমুখি ঃ ১৫-১৬ ডিসেম্বর'০৬ কলকাতা স্বভূমি সভাঘর-১-এ অনুষ্ঠিত হল এক চিত্র কর্মশালা। এ চিত্র কর্মশালায় অঙ্কনের বিষয় ছিল উইম্যান এণ্ড ইউনিভার্স ২) ট্রাস্ট এণ্ড রেসপেক্ট ৩) প্যাসন। ১২ জন চিত্র শিল্পী এতে অংশগ্রহণ করেন। এটি উদ্বোধন করেন চিত্রকর ওয়াসিম কাপুর। কাঁচরাপাড়ার দুই শিল্পী চয়ন রাহা এবং সন্দীপ সিংহরায়ের চিত্রকর্ম উন্নতমানের বলে প্রশংসিত হয়।

ইয়ুথ হোস্টেল ডাক্তারি পরীক্ষা

ইয়ুথ হোস্টেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার উদ্যোগে বিনা পয়সায় ডাক্তারি পরীক্ষা ও রক্তদান শিবির হয়ে গেল ভারত স্কাউটস এণ্ড গাইডসের সহায়তায় (বিবেকানন্দ গ্রুপ) ইটখোলা স্কাউটস এণ্ড গাইডসের মাঠে। অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেল হাসপাতালের মুখ্য মেডিকেল অফিসার শ্রী অনিলকুমার। সংস্থার চেয়ারম্যান তপন কুমার ভট্টাচার্য।

সৃষ্টির শিবির

ফুটবল প্রশিক্ষণ শিবির চাদুয়া'র সহায়তায় ১৭ ডিসেম্বর চাদুয়া জুনিয়র হাইস্কুলে রক্তদান শিবির ও বিনামূল্যে চোখ ও দাঁতের চিকিৎসা করা হয়। এছাড়াও চক্ষুদান ও দেহদানের অঙ্গীকারপত্র গ্রহণের ব্যবস্থা রাখা হয়।

অ্যালবাট্রস স্কুলের অনুষ্ঠান

মুখোমুখি ঃ ২৪ শে ডিসেম্বর ক্ষুদিরাম বোস ইনস্টিটিউটে অনুষ্ঠিত হল অ্যালব্যাট্রস

Mobile : 9903115477
Running with Broad Band 512 Kbps
Some Cyber Cafe
Printing (Laser & Colour) Scanning, Internet, E-mail, Fax
55, K. G. R. PATH, KANCHRAPARA, 24 PGS (N),
7 a.m. to 10 p.m.

ছোটজোনপুরে শুভেন্দু, ১০০ কম্বল উপহার

মুখোমুখি ঃ চিত্রাভিনেতা শুভেন্দু চট্টোপাধ্যায়কে সংবর্ধনা দিল, ছোটজোনপুর সমাজ কল্যাণ সমিতি। ২৮ ডিসেম্বর সমিতির উদ্যোগে এবং স্থানীয় বড়দিন উৎসব কমিটির সহায়তায় ছোটজোনপুর নিউ স্টার ক্লাব প্রাঙ্গণে শ্রী চট্টোপাধ্যায়ের হাতে মানপত্র তুলে দেন স্থানীয় পঞ্চায়েত সদস্য হিমাদ্রিকিশোর দাশগুপ্ত। উপস্থিত ছিলেন কাঁপা চাকলা গ্রাম পঞ্চায়েত প্রধান চিত্তভূষণ মুখার্জী, পঞ্চায়েত সদস্য উৎপল বোস, রতন দে, সন্ধ্যা ভট্টাচার্য, নাট্যকার শিক্ষক শ্রীকুমার ভট্টাচার্য, জোনপুর হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষক বিমলেন্দু দাস, কাঁচরাপাড়া পুরসভার ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর জ্যোৎস্না রায় প্রমুখ। সভাপতিত্ব করেন চিত্তভূষণ মুখার্জী। সঙ্গীত পরিবেশন করেন মনোমীতা ভট্টাচার্য। এদিন প্রায় ১০০ জন দুঃস্থ বৃদ্ধ ও বৃদ্ধাকে কম্বল উপহার দেওয়া হয়। তার আগে ২৫ ও ২৬ ডিসেম্বর, দুদিন ধরে চলে বড়দিন উৎসব। মেলার পরিবেশে মঞ্চস্থ হয় বাইবেল আধারিত আখ্যান 'লুসারের জীবনদান'।

বইমেলায় কবি সম্মেলনে সিঙ্গুরের নিন্দা

মুখোমুখি ঃ শেষ হল দশম কল্যাণী বইমেলা। শেষের আগের দিন ৯ ডিসেম্বর শনিবার বইমেলার মাঠে অনুষ্ঠিত হয়েছিল কবি সম্মেলন। বিকেল ৪ টে থেকে ৭ টা পর্যন্ত এই কবি সম্মেলনে কলকাতা সহ বিভিন্ন জেলার পঁচিশ জন কবি এতে অংশগ্রহণ করেন। এসেছিলেন দুই সুপরিচিত কবি তরুণ সান্যাল ও উৎপলকুমার বসু। এই দুই কবিকে পুষ্পক স্তবক দিয়ে অভ্যর্থনা জানান মেলা কমিটির পক্ষে যথাক্রমে সন্তোষ মুখোপাধ্যায় এবং শ্রীকুমার ভট্টাচার্য। সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মেলা কমিটির সম্পাদক দেবাশিস বন্দ্যোপাধ্যায় এবং কল্যাণী নাগরিক কমিটির সম্পাদক নিখিল কর। কবি বীরেন্দ্রনাথ রক্ষিত হায়দারাবাদে চিকিৎসাধীন থাকায় উপস্থিত থাকতে পারেন নি। শুরুতেই তার আরোগ্য কামনা করে সমবেত শুভেচ্ছা জানানো হয়। উল্লেখ্য পরবর্তীতে ১৬ ডিসেম্বর তিনি প্রয়াত হন। তারপর শুরু হয় কবিতা পাঠ। উৎপলকুমার বসু ও তরুণ সান্যাল তাঁদের বিভিন্ন কাব্যগ্রন্থ থেকে একগুচ্ছ করে কবিতাপাঠ করেন। কবিতা পাঠের আগে ৫০ দশকের রাজনৈতিক অনাতম কবি তরুণ সান্যাল ১ লা ডিসেম্বর সিঙ্গুরে গ্রামবাসীদের

বিজ্ঞান দরবার ঃ বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞান দরবারের সফল সদস্য / সদস্যাগণকে জানানো যাইতেছে যে যাহারা বিগত দশ বছরের বকেয়া সদস্য চাঁদা পূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০০৬ -এর পরিবর্তে ৩১ জানুয়ারি ২০০৭ -এর মধ্যে পরিশোধ করিবেন শুধু তাহারাই সংগঠনের সদস্য হিসাবে বিবেচিত হইবেন।

সাধারণ সম্পাদক, বিজ্ঞান দরবার / কাঁচরাপাড়া

২৬-১০-২০০৬ এর সিদ্ধান্ত অনুযায়ী জয়দেব দে, সুরজিৎ দাস, বিজয় সরকার ইত্যাদি কেউই সদস্যপদ নবীকরণ করায়নি।

কে জি আর পথ, কাঁচরাপাড়া, ফোন ঃ ২৫৮৫-৮৫৮২

মোবাইল খারাপ ? ৫ মিনিটে মেরামতি ফোন - ২৫৮৫-৮৯০১
সুব্রত ইলেকট্রনিক্স
মোবাইল, সি.ডি., ভি.সি.আর., কালার টিভি, ডেক সেলস ও সার্ভিসিং করা হয়।
৩৪, ঘটক রোড, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগনা

কলাশিল্প অ্যাকাডেমির অনুষ্ঠান ও চিত্রপ্রদর্শনী

শমিত কর্মকার ঃ ২৪ থেকে ২৭ ডিসেম্বর পর্যন্ত কাঁপা প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন ময়দানে অনুষ্ঠিত হল কলাশিল্প আর্ট অ্যাকাডেমির ১৭তম বার্ষিক অনুষ্ঠান ও ৫ম বর্ষ চিত্র প্রদর্শনী। ২৪ ডিসেম্বর বিকেলে অনুষ্ঠানের শুভ সূচনা হয় সমবেত নৃত্যর মাধ্যমে। এরপর উপস্থিত বিশিষ্ট অতিথিরা মূলপর্বের সূচনা করেন— পশ্চিমবঙ্গ পত্রিকার সম্পাদিকা সুপ্রিয়া কর পায়রা ওড়ান, সাংবাদিক দেবাশিস রায় প্রদীপ প্রজ্বলন করেন। খোকন গাঙ্গুলী, শিক্ষক দিলীপ কোলে, পঞ্চায়েত প্রধান চিত্তভূষণ মুখার্জী এবং উপস্থিত অতিথিরা একটি ক্যাম্পাসে ছবি এঁকে চিত্র প্রদর্শনী উদ্বোধন করেন। চিত্র প্রদর্শনীতে বিভিন্ন শিল্পীর আঁকা জলরঙ, তেলরঙ, স্কেচ স্থান পায়। এছাড়াও বিভিন্ন দিনে চলে ফ্রী মেডিকেল ক্যাম্প, বিভিন্ন প্রতিযোগিতা, স্বেচ্ছায় রক্তদান শিবির, গুণীজন সংবর্ধনা। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন অধ্যক্ষ ডাঃ মৃণাল কান্তি সরকার।

ব্ল্যাক পিরিয়ড এবার বিড়লা অ্যাকাডেমিতে

মুখোমুখি ঃ কাঁচরাপাড়ার ব্ল্যাক পিরিয়ড এবার চারজন শিল্পীর চিত্রপ্রদর্শনীর আয়োজন করে কলকাতার বিড়লা আকাডেমি অব আর্ট আণ্ড কালচারে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বনামখ্যাত ভাস্কর বিপিন গোস্বামী, চিত্রকর ওয়াসিম কাপুর, সন্তুর শিল্পী তরুণ ভট্টাচার্য, প্রপর্দিনৃত্য শিল্পী সঞ্চিতা ভট্টাচার্য। প্রদর্শনীতে চয়ন রাহার শিল্পকর্মে জলরংয়ের ব্যবহার লক্ষণীয়। পাতা ও ফুলে সমান্বিত চিত্রগুলিতে রয়েছে বিভিন্ন আঙ্গিক ও এক শান্ত সমাহিত সৌন্দর্য। অর্চনাশ্রী তেওয়ারির ছবিতে প্রতিবাদী মনস্কতার আভাস পাওয়া যায়। সমাজ ও পরিবেশকে তিনি তির্যক ভঙ্গিতে দেখেছেন। মুরলীর মদপান এবং বিড়ালের ধূমপান পরিবেশভাবনাজনিত চিত্রশিল্পে নিশ্চিত এক অনামাত্রা এনে দিয়েছে। সন্দীপ সিংহরায়ের দৃষ্টি প্রতিফলিত প্রকৃতি-প্রেম-পূজার দিকে। তার চিত্রে ফুলের বৈচিত্র্য নারীপুরুষের হৃদয় ঘটিত সৌন্দর্য, বস্তুর শুদ্ধ নীরবতা প্রকাশিত। রবীন্দ্রনাথ নায়র নিজস্ব বৈশিষ্ট্যে উজ্জ্বল। তিনি বি-নির্মাণের মধ্য দিয়ে নির্মাণ করতে চান তার শিল্পভাবনা। অস্তিত্বের মধ্যে অনস্তিত্বের রঙের প্রবাহ চালনা করেন কখনো তা বর্ণিল কখনো তা নিষ্প্রভ চেতনার রং। উল্লেখ্য শিল্পকর্মীদের এই প্রদর্শনী টাইমস অব ইন্ডিয়া, বাংলা স্টেটসম্যান, আকাশ বাংলা দূরদর্শন ও অন্যান্য সংবাদমাধ্যম দ্বারা আলোচিত এবং প্রশংসিত হয়েছে।